

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী


সভাপতি : ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১৪/০৮/২০২২; বেলা ০২.৩০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব শ্যামল চন্দ্র কর্মকার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় যে সকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল বিষয়ে আলোকপাত করেন। বিশেষত পরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো নিবিড়ভাবে সম্পাদনের জন্য অনুবিভাগ প্রধানগণকে মনোযোগ প্রদানের অনুরোধ করেন। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্য ও সংস্থা প্রধানগণকে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি চলমান অর্থবছরের মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের ইতোমধ্যে সম্পাদিত কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে তা অনুমোদনের জন্য তিনি অনুরোধ জানান।

- ০২। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়নের সময় যে নির্দেশনা প্রদান করেছে তার শতভাগ অনুসরণ করে মন্ত্রণালয়ের কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর সম্পাদিত কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি আরও জানান যে, কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হবেন।
- ০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১।	এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ ওয়েবসাইটে দৃশ্যমান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে অনুবিভাগ প্রধানগণ এবং সংস্থাপ্রধানগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হয়ে তদারকি নিশ্চিত করবেন।
৩।	কর্মপরিকল্পনার ২ নং ক্রমিকভুক্ত আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংস্থাপ্রধানগণ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
সচিব
ও
সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি